

আন্তর্জাতিক

বিশ্ববাজারে স্বর্ণের দাম কমল

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



মার্কিন ফেডারেল রিজার্ভের চেয়ারম্যান কেভিন ওয়ারশের জ্যাকসন হোল সম্মেলনের গুরুত্বপূর্ণ ভাষণের অপেক্ষায় আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দাম কিছুটা কমেছে।

গুস্ত্রবার (বাংলাদেশ সময় সকাল ১০টা ৩৮ মিনিট পর্যন্ত স্পট গোল্ডের দাম ০ দশমিক ৫ শতাংশ কমে প্রতি আউন্স ৪ হাজার ৫৮০ দশমিক ১৯ ডলারে দাঁড়িয়েছে। এর আগে মঙ্গলবার স্বর্ণের দাম ৪ হাজার ৬৯৬ দশমিক ১৮ ডলারে উঠে তিন মাসেরও বেশি সময়ের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছিল।

এদিকে যুক্তরাষ্ট্রের স্বর্ণের ফিউচার মূল্য ০ দশমিক ৭ শতাংশ কমে প্রতি আউন্স ৪ হাজার ৬৩২ দশমিক ৪০ ডলারে নেমেছে।

স্টোনএব্রের জ্যেষ্ঠ বিশ্লেষক ম্যাট সিম্পসনের মতে, ওয়ারশের বক্তব্যে কঠোর মুদ্রানীতির পক্ষে অবস্থান নেওয়ার সম্ভাবনাই বেশি। এমন হলে স্বল্পমেয়াদে স্বর্ণের দাম সাম্প্রতিক সর্বোচ্চ পর্যায়ে থেকে আরও কমেতে পারে।

তবে তিনি মনে করেন, দাম কমে গেলে সেটিকে স্বর্ণের বাজারের ক্রেতারা সুযোগ হিসেবে নিতে পারেন। বিশেষ করে যারা সাম্প্রতিক উর্ধ্বগতির প্রথম ধাপে বাজারে প্রবেশ করতে পারেননি, তারা নতুন করে বিনিয়োগের সুযোগ খুঁজবেন। এতে স্বর্ণের দাম আবারও ৫ হাজার ডলারের দিকে যেতে পারে।

বৃহস্পতিবার জ্যাকসন হোল সম্মেলনে ফেডের কর্মকর্তারা যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। এর এক দিন আগে প্রকাশিত তথ্য অনুযায়ী, ফেডের প্রধান মূল্যস্ফীতি সূচক ব্যক্তিগত ভোগ ব্যয় মূল্যসূচক জুলাই পর্যন্ত ১২ মাসে ৩ দশমিক ৭ শতাংশে পৌঁছেছে।

বাজারে এখন মূল নজর ফেড চেয়ারম্যান কেভিন ওয়ারশের ভাষণের দিকে। বাজার বিশ্লেষকদের হিসাবে, সেপ্টেম্বর মাসে যুক্তরাষ্ট্রে সুদের হার বাড়ার সম্ভাবনা ৩৩ দশমিক ৭ শতাংশ এবং ডিসেম্বরের মধ্যে সুদের হার বাড়ার সম্ভাবনা ৭৪ দশমিক ২ শতাংশ।

সাধারণত উচ্চ সুদের হারের পরিবেশে স্বর্ণের আকর্ষণ কমে যায়। কারণ স্বর্ণ থেকে কোনো সুদ বা নিয়মিত আয় পাওয়া যায় না। তবে বিনিময়-বাণিজ্যভিত্তিক তহবিল ও ফিউচার বাজারে অংশগ্রহণ বাড়়া, যুক্তরাষ্ট্রের আর্থিক সক্ষমতা নিয়ে উদ্বেগ এবং বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকের ধারাবাহিক স্বর্ণ কেনা-এসব কারণে মূল্যবান ধাতুটির দাম এখনও সমর্থন পাচ্ছে।

ওসিবিসির মূল্যবান ধাতু কৌশলবিদ ক্রিস্টোফার ওং বলেন, বাজারে স্বর্ণের দামে কিছুটা স্থিতি বা সংশোধনের ঝুঁকি থাকলেও সামগ্রিকভাবে মূল্যবান ধাতুর বাজারে ইতিবাচক প্রবণতা রয়েছে।

এদিকে শুক্রবার স্পট রূপার দাম ০ দশমিক ৬ শতাংশ কমে প্রতি আউন্স ৬৮ দশমিক ৮৫ ডলারে নেমেছে। প্যালাডিয়ামের দাম ০ দশমিক ২ শতাংশ কমে ১ হাজার ৩৪৯ দশমিক ৪৪ ডলার এবং প্লাটিনামের দাম ০ দশমিক ৩ শতাংশ কমে ১ হাজার ৮৪০ দশমিক ৭৮ ডলারে দাঁড়িয়েছে। চলতি সপ্তাহে প্লাটিনামের দাম কমার পথেই রয়েছে।

সূত্র: রয়টার্স

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ
জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার
দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



ছতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...